

**জাতীয় বিশ্ববিদ্যালয়  
ভিসির বিরুদ্ধে মামলার  
বাদী প্রভাষক  
চাকরিচ্যুত**

**বাদী : ভিসির**

**গাজীপুর প্রতিনিধি**  
জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রভাষক হাফিজুর রহমানকে পৃথক পদে পরিপন্থী এবং নানা স্বত্বস্বত্বমূলক কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে চাকরি থেকে চূড়ান্তভাবে বরখাস্ত করা হয়েছে। এই মর্মে ডাক্ষে ৩৬ জনুয়ারি প্রেক্ষিত্যর ফাইনা সুলজনা বাকরিত এক পত্র পঠানো হয়েছে। জানা গেছে, গত বছর প্রভাষক হাফিজ বিভিন্ন অভিযোগ এনে বিশ্ববিদ্যালয়ের ডিসি, প্রো-ভিসিসহ বিভিন্ন কর্মকর্তাকে বিবাদী করে মামলা দায়ের করেছিলেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট মেম্বর ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি প্রফেসর ড. মহিন আকতার হুদাইন জানান, বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার ব্যবহার করে চাকরির পৃথক্য পরিপন্থী বিভিন্ন কার্যক্রমে জড়িত থাকার অভিযোগে হাফিজুর রহমানের চাকরিচ্যুতির চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হয়। সিন্ডিকেটের অপর মেম্বর এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূত্রিকা, পানি ও পরিবেশ বিভাগের অধ্যাপক ড. এসএম ইমামুল হক জানান, চূড়ান্তভাবে এ সিদ্ধান্ত নেয়ার আগে যথাযথভাবে তদন্ত করে তাকে কেন চাকরিচ্যুত করা হবে না- সে মর্মে শোকজ নেটিশ দেয়া হয়। তিনি শোকজের জবাব না দিয়ে চ্যান্সেলর মহোদয়ের কাছে চিঠি দেন এবং নানা অপতৎপরতা শুরু করেন। এছাড়া তার অভিযোগের সনদ বাদী : পৃষ্ঠা ১৫ কলাম ৬

(শেষ পৃষ্ঠার পর)  
জালিয়াতির মাধ্যমে এ প্রতিষ্ঠানে চাকরি নেয়ার ঘটনাও তদন্ত করা পড়ে। এ সম্পর্কে প্রভাষক হাফিজুর রহমান জানান, গত বছরের ২৮ আগস্ট তাকে বরখাস্তের জন্য শোকজ নেটিশ দেয়া হলে ৪ সেপ্টেম্বর তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে লিগ্যাল নেটিশ পাঠান। পরে ওই ব্যাপারে ৯ সেপ্টেম্বর উক্ত আদালতে রিট আবেদন করলে ১৭ সেপ্টেম্বর আদালত সাময়িক বরখাস্তের কার্যক্রম ৩ মাসের জন্য স্থগিত করেন। পরে আদালত জা আরো ৬ মাসের জন্য বাতান। এমতাবস্থায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিলেও জা কস্তবায়ন করতে পারেন না। তবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানান, তার ওই স্থগিতাদেশের ওপর উক্ত আদালতের আপিল বিভাগের স্থগিতাদেশ রয়েছে।